গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সমাজকল্যাণ মন্ত্রণালয়
বাজেট শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.msw.gov.bd

সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদফতর/সংস্থাসমূহের ২০১৯-২০ অর্থবছরের পুন:উপযোজনসহ সংশোধিত বাজেটে বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ সমর্পণ সম্পর্কিত সভার কার্যবিবরণী।

তারিখ : ১৬/০৯/২০২০ খ্রিস্টাব্দ
সময় : বিকাল ০৩.০০ টা
স্থান : ভিডিও কনফারেন্স

সভাপতি : মোহাম্মদ জয়নুল বারী, সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

সভায় অংশগ্রহণকারীগণের তালিকা: পরিশিষ্ট-ক

২.০ সভাপতি, সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় সমাজকল্যাণ মন্ত্রণালয় ও এর আওতাধীন অধিদফতর/সংস্থাসমূহের ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে বরাদ্দকৃত অর্থের অব্যয়িত অর্থ সমর্পণ সংশ্লিষ্ট বিষয়ে আলোচনার জন্য সংশ্লিষ্ট সকলকে আহ্বান জানান।

৩.০ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (বাজেট ও ব্যবস্থাপনা) সভায় জানান যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে পুন:উপযোজনসহ বরাদ্দ ছিল ৬৮৯১,৭১,৫৪,০০০.০০ (ছয় হাজার আটশত একানব্বই কোটি, একাত্তর লক্ষ, চুয়ান্ন হাজার) টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে ৬৬৮০,৪০,০৪,৬০০.০০ (ছয় হাজার ছয়শত আশি কোটি, চল্লিশ লক্ষ, চার হাজার, ছয়শত) টাকা এবং অব্যয়িত রয়েছে ২১১,৩১,৪৯,৪০০.০০ (দুইশত এগারো কোটি, একত্রিশ লক্ষ, উনপঞ্চাশ হাজার, চারশত) টাকা। সভায় বিস্তারিত আলোচনা পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

| আলোচনার বিষয়বস্তু | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|
| ১. ২০১৯-২০ অর্থবছরে সচিবালয় অংশে সংশোধিত বাজেটে পুন:উপযোজনসহ বরাদ্দ ছিল ৩৪.৭০ কোটি টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে ২৩.৯৩ কোটি টাকা এবং অব্যয়িত রয়েছে ১০.৮৬ কোটি টাকা। কোভিড-১৯ সংক্রমণজনিত কারণে বরাদ্দকৃত খাতসমূহের মধ্যে প্রচার ও বিজ্ঞাপন ব্যয়, প্রশিক্ষণ, ভ্রমণ ও বদলি, কম্পিউটার সামগ্রী, উদ্ভাবন, অনুষ্ঠান/উৎসবাদি এবং অন্যান্য ভবন ও স্থাপনা খাতে তুলনামূলকভাবে বেশী অব্যয়িত রয়েছে। | ২০২০-২১ অর্থবছরের প্রস্তুতকৃত বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী বরাদ্দকৃত অর্থ ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (প্রশাসন), সমাজকল্যাণ মন্ত্রণালয়। |
| ২. ২০১৯-২০ অর্থবছরে ১২ টি বিশেষ কার্যক্রম খাতে সংশোধিত বাজেটে পুন:উপযোজনসহ বরাদ্দ ছিল ৫৪২৪.৬০ কোটি টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে ৫৪০৩.৪৫ কোটি টাকা এবং অব্যয়িত রয়েছে ২১.১৪ কোটি টাকা। কোভিড-১৯ সংক্রমণজনিত কারণে বয়স্কভাতা প্রদান কার্যক্রম খাতে ১.০৩ কোটি টাকা, অসচ্ছল প্রতিবন্ধীদের জন্য ভাতা খাতে ১৮.২২ কোটি টাকা, বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতা খাতে ১.৭৮ কোটি টাকা অব্যয়িত রয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক ১০০টি উপজেলায় শতভাগ বয়স্ক ভাতা প্রদান, ১০০% অসচ্ছল প্রতিবন্ধীদের জন্য ভাতা প্রদান এবং বিধবা ও স্বামী নিগৃহীতা ভাতাসহ সকল ভাতা কার্যক্রম প্রস্তুতকৃত বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যয় করতে হবে। এছাড়া ২০২০-২১ অর্থবছরে যে সকল কার্যক্রমসমূহের অর্থ অব্যয়িত থাকার সম্ভাবনা থাকবে সে সকল কার্যক্রমসমূহের অব্যয়িত অর্থ পুন:উপযোজনের মাধ্যমে অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম খাতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (বা. কা. ও মূ:), সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর। |

| | |
|---|---|
| ৩. ২০১৯-২০ অর্থবছরে ১৩ টি সহায়তা কার্যক্রম খাতে সংশোধিত বাজেটে পুন:উপযোজনসহ বরাদ্দ ছিল ৫৩৪.৪৭ কোটি টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে ৫২১.৫২ কোটি টাকা এবং অব্যয়িত রয়েছে ১২.৯৫ কোটি টাকা। কোভিড-১৯ সংক্রমণজনিত কারণে ১০৬ টি প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্রের শুন্য পদে নিয়োগ প্রদান করা সম্ভব হয়নি এছাড়া প্রশিক্ষণ ও গবেষণা খাতসহ এখাতে ৭.৯৩ কোটি টাকা অব্যয়িত রয়েছে। নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট এর জনবল নিয়োগ, প্রশিক্ষণ, অটিজম ও ডাউন সিনড্রোম দিবস উদযাপন করা সম্ভব হয়নি বিধায় এখাতে ১.৯১ কোটি টাকা অব্যয়িত রয়েছে। | ২০২০-২১ অর্থ বছরে সকল সহায়তা কার্যক্রম খাতের বাজেট প্রস্তুতকৃত বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (বা. কা. ও মূ:), সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা প্রধান। |
| ৩.১ ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে বেসরকারী এতিমখানা খাতে পুন:উপযোজনসহ বরাদ্দ ছিল ২৩২.০২ কোটি টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে ২৩০.৬৮ কোটি টাকা এবং অব্যয়িত রয়েছে ১.৩৩ কোটি টাকা। অর্থ উত্তোলনের ক্ষেত্রে বিল-ভাউচার যাচাই-বাছাই করার বিষয়ে আলোচনা হয়। | যে সকল বেসরকারী এতিমখানায় বরাদ্দ প্রয়োজন সে সকল এতিমখানাগুলোকে অগ্রাধিকার ভিত্তিতে বরাদ্দ প্রদান এবং বরাদ্দকৃত অর্থ উত্তোলনের ক্ষেত্রে দাখিলকৃত বিল-ভাউচার সংশ্লিষ্ট সমাজসেবা অফিসার/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক যাচাই-বাছাই করার সিদ্ধান্ত গৃহীত হয়। |
| ৩.২ কক্লিয়ার ইমপ্ল্যান্ট কার্যক্রম খাতে ৮.৯৭ কোটি টাকা অব্যয়িত রয়েছে। সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালকগন জানান যে, কোভিড-১৯ সংক্রমণজনিত কারণে সভা/সমাবেশ/প্রচার ও বিজ্ঞাপন/প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা সম্ভব হয়নি এবং ডিভাইস ক্রয়ের উদ্দেশ্যে দরপত্র আহবান করা হলেও স্বল্প সংখ্যক দরদাতা অংশগ্রহণ করায় ডিভাইস ক্রয় করা যায়নি বিধায় এখাতে অর্থ অব্যয়িত রয়েছে। তবে আগামী ২০২০-২১ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ যথাসময়ে বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যয় করা সম্ভব হবে। সভায় কক্লিয়ার ইমপ্ল্যান্ট কার্যক্রমের পরিচালকগণকে নিয়ে পরবর্তীতে সচিব মহোদয়ের সুবিধাজনক সময়ে একটি সভা করার অনুরোধ জানানো হয়। | ২০২০-২১ অর্থ বছরে কক্লিয়ার ইমপ্ল্যান্ট কার্যক্রম খাতে বরাদ্দকৃত অর্থ বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে ব্যয় এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়ের কার্যক্রম শাখা হতে কক্লিয়ার ইমপ্ল্যান্ট কার্যক্রম সংশ্লিষ্ট সকল কার্যক্রম পরিচালকের সমন্বয়ে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (বা. কা. ও মূ:), সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর। |
| ৪. ২০১৯-২০ অর্থবছরে সমাজসেবা অধিদফতর (১৬ টি প্রতিষ্ঠান) খাতে সংশোধিত বাজেটে পুন:উপযোজনসহ বরাদ্দ ছিল ৬৬৩০.৩০ কোটি টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে ৬৪৭৬.৯১ কোটি টাকা এবং অব্যয়িত রয়েছে ১৫৩.৩৮ কোটি টাকা। কোভিড-১৯ সংক্রমণজনিত কারণে বরাদ্দকৃত খাতসমূহের মধ্যে প্রচার ও বিজ্ঞাপন ব্যয়, নিয়োগ, প্রশিক্ষণ, ভ্রমণ ও বদলি, অনুষ্ঠান/উৎসবাদি, অন্যান্য ভবন ও স্থাপনা এবং খোরাকি রেশন খাতে তুলনামূলকভাবে বেশী অব্যয়িত রয়েছে। | ২০২০-২১ অর্থবছরের প্রস্তুতকৃত বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী বরাদ্দকৃত অর্থ ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর। |
| ৫. উন্নয়ন: ২০১৯-২০ অর্থবছরে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের সংশোধিত বাজেটে বরাদ্দ ছিল ২৬১.৪১ কোটি টাকা। তন্মধ্যে ব্যয় হয়েছে ২০৩.৪৮ কোটি টাকা। কোভিড-১৯ সংক্রমণজনিত কারণে সময়মত প্রকল্প বাস্তবায়ন করা সম্ভব হয়নি বিধায় উন্নয়ন খাতে অব্যয়িত রয়েছে ৫৭.৯২ কোটি টাকা। | ২০২০-২১ অর্থবছরের প্রস্তুতকৃত বাস্তবভিত্তিক কর্মপরিকল্পনা অনুযায়ী উন্নয়ন খাতের অর্থ ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নে: অতিরিক্ত সচিব (পরি: ও উন্ন:), সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর। |

৬.০ পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ২১.০৯.২০২০

মোহাম্মদ জয়নুল বারী
সচিব
সমাজকল্যাণ মন্ত্রণালয়।

স্মারক নং- ৪১.০০.০০০০.০২৬.৪১.০০১.২০-**১০৮**

তারিখ: ০৭ আশ্বিন, ১৪২৭ / ২২ সেপ্টেম্বর, ২০২০

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)**

১. অতিরিক্ত সচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
৩. যুগ্মসচিব (সকল), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. ব্যবস্থাপনা পরিচালক, নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, পদ্মা লাইফ টাওয়ার, ইস্কাটন রোড, বাংলামোটর, ঢাকা
৫. ব্যবস্থাপনা পরিচালক, জাতীয় প্রতিবন্ধী উন্নয়ন ফাউন্ডেশন, মিরপুর, ঢাকা
৬. নির্বাহী সচিব, বাংলাদেশ জাতীয় সমাজকল্যাণ পরিষদ, ৪/এ ইস্কাটন গার্ডেন, ঢাকা
৭. নির্বাহী পরিচালক, শেখ জায়েদ বিন সুলতান আল নাহিয়ান ট্রাস্ট (বাংলাদেশ), বনানী, ঢাকা
৮. নির্বাহী পরিচালক, শারীরিক প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট (মৈত্রী শিল্প), টঙ্গী, গাজীপুর
৯. রেজিস্ট্রার, বাংলাদেশ রিহ্যাবিলিটেশন কাউন্সিল, ঢাকা
১০. কার্যক্রম পরিচালক, কক্লিয়ার ইমপ্লান্ট কার্যক্রম, বি.এস.এম.এম.ইউ, শাহবাগ, ঢাকা
১১. কার্যক্রম পরিচালক, কক্লিয়ার ইমপ্লান্ট কার্যক্রম, ন্যাশনাল ইনস্টিটিউট অব ইএনটি, তেজগাঁও, ঢাকা
১২. কার্যক্রম পরিচালক, কক্লিয়ার ইমপ্লান্ট কার্যক্রম, সি.এম.এইচ, ঢাকা
১৩. কার্যক্রম পরিচালক, কক্লিয়ার ইমপ্লান্ট কার্যক্রম, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা
১৪. উপসচিব (প্রশাসন-১/প্রশাসন-২), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৫. উপপ্রধান (পরিকল্পনা), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা
১৭. হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে)**

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিস্টেম এনালিস্ট, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

22/09/2020

(সুলতানা সাঈদা)
যুগ্মসচিব (বাজেট ও ব্যবস্থাপনা)
ফোন: ৯৫৪০২৩৩
email:sayeeda9501@gmail.com